# সমবায় পত্রিকায় প্রকাশের জন্য সমবায় সমিতির তথ্য
## ‘প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ’
## কোটচাঁদপুর, ঝিনাইদহ।

ভূমিকাঃ ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলার ‘প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:’ স্থানীয় বিভিন্ন পেশাজীবী সদস্য বা ব্যক্তির মাধ্যমে গড়ে উঠেছে । সমিতির সদস্যদের উদ্যোগ এবং উদ্যোগী সমবায়ীদের সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দারিদ্র বিমোচনে সমবায় বিষয়ক উদ্বুদ্ধকরণ, আর্থিক ও সামাজিক ক্ষমতায়ন, সমবায়ীদের গণসচেতনা মূলক প্রচার ও সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নসহ পুরুষের পাশাপাশি নারী উদ্যোক্তা সৃষ্টিতে নিরলস প্রচেষ্টার জন্য এ সমিতিকে উপজেলার সফল সমবায় সমিতি হিসেবে পরিচিতি এনে দিয়েছে।

সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাস : এলাকার কিছু বিভিন্ন পেশাজীবী সদস্য বা ব্যক্তির নিয়ে সমিতিটি গঠিত হয়। তারা স্থানীয় কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, মহিলা ও বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি,উদ্যোক্তা সৃষ্টি, আয়-বর্ধক কর্মসংস্থান সৃজন, দারিদ্র বিমোচনসহ সর্বোপুরী আর্থ-সামাজিক উন্নয়নের জন্যই সমবায়ের প্রয়োজনীয়তা অনুভব করেন। এরই ধারাবাহিকতায় সমিতিটি জেলা সমবায় কার্যালয়, ঝিনাইদহ হতে নিবন্ধন লাভ করে। যার নিবন্ধন নং ৪৩/ঝি, তারিখ: ২২/০৪/২০১৮ খ্রি. ঠিকানা : গ্রাম : কোটচাঁদপুর গাবতলাপাড়া , ডাকঘর : কোটচাঁদপুর, উপজেলা : কোটচাঁদপুর , জেলা : ঝিনাইদহ। সমিতির কর্মএলাকা সমগ্র কোটচাঁদপুর উপজেলার এর মধ্যে সীমাবদ্ধ । সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৩৮৫০০০/- (তিন লক্ষ পচাঁশি হাজার) , সঞ্চয় আমানত : ২৯৯৫৮০/- (উনত্রিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত আশি টাকা) এবং সমিতির বর্তমান কার্যকরী মূলধন : ১৩২৭৩৬১০/- (এক কোটি বত্রিশ লক্ষ তিহাত্তর হাজার ছয়শত দশ) টাকা। সমিতিটি একটি উদীয়মান সমিতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

নিবন্ধিত উপ-বিধিতে বর্ণিত প্রধান প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ

- সমিতির সদস্যদের নিকট শেয়ার ও সঞ্চয় আমানত গ্রহণ করাঃ মূলধন গঠনের মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনসহ ক্ষুদ্র ব্যবসায়ে বিনিয়োগ, শিক্ষা সাংস্কৃতি এবং বিভিন্ন উন্নয়ন মূলক কাজে নিজেদের সম্পকৃক্ত করে সমিতির সদস্যদের স্বনির্ভর করা।
- সভ্য নির্বাচনী এলাকার মধ্যে সকল সমবায়ীমনাদের সমবায়ের মাধ্যমে একত্রিত করে তাদের আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ/বিভিন্ন কার্যক্রম/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা।
- সদস্যগণকে মৎস্য সংরক্ষণ আইন, বন্যপ্রানি সংরক্ষণ আইন, পরিবেশ আইন, বন সংরক্ষণ আইন মানিয়া চলা ও সংরক্ষণ করা ।
- বিভিন্ন সামাজিক আন্দোলনে যোগদান যেমনঃ বাল্য বিবাহ প্রথা রোধ, যৌতুক প্রথা বিরোধ রোধ, স্যানিটেশন কর্মসূচীতে অংশগ্রহণসহ বিভন্ন সামাজিক কর্সূচিতে অংশগ্রহণ করা।

সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম :

শুরুর দিকে এ সমিতি সামান্যতম পুঁজি দিয়ে সীমিত পরিসরে ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ক্ষুদ্র ঋণসহ বিভিন্ন সেবা মুলক কার্যক্রম চলমান আছে।

এ সমিতিতে বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম/কর্মসূচি রয়েছে। যথাঃ

ক) সঞ্চয় জমা কর্মসূচি।

খ) শেয়ার সংখ্যা বৃদ্ধি কর্মসূচি।

গ) সবজি চাষ কর্মসূচি।

ঘ) বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ/সেবা মুলক কার্যক্রম ।

ঙ) ক্ষুদ্র ঋণ কার্যক্রম কর্মসূচী।

সমিতির প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপঃ

সমিতির প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে যথাযথভাবে সমিতির রেকর্ডপত্র সংরক্ষণ। প্রতিনিয়ত অডিট সমপন্ন করন, অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা। সমিতিতে সাইনবোর্ড স্থাপন ও সীলমোহর সংরক্ষিত আছে এবং সমিতির নিজস্ব অফিস ঘর আছে। সমিতির নামীয় ব্যাংক একাউন্ট আছে। সমিতির ধারাবাহিকতা ও টেকসই নিশ্চিতকরণে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩)

এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি প্রতিপালনের ফলে সমিতির কর্মকান্ডে স্বচ্ছতাসহ কর্মচঞ্চলতা এসেছে।

## সমিতির ভবিষ্যৎ পরিকল্পনাঃ

সমিতির সাফল্যের জন্য বিভিন্ন কর্মকান্ড ও সদস্যদের কর্মসৃজন বিশেষ ভূমিকা রেখেছে।

সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা হচ্ছেঃ

ক) সমিতির কার্যক্রম সমগ্র উপজেলায় বিস্তৃতিকরণ।

খ) সমবায় ভিত্তিতে বাজার ও বিপননের ব্যবস্থা করা এবং এলক্ষ্যে সমবায় বাজার প্রতিষ্ঠা করা।

গ) সমিতির প্রতি সদস্যকে উদ্যোক্তা হিসেবে সৃজন করা।

সর্বোপুরী পুরুষের পাশাপাশি নারীকে স্ব-কর্মসংস্থানে অর্ন্তভুক্তকরণ এবং জাতীয় অর্থনীতিতে অবদানসহ ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে অবদান রাখা।

## পরিশেষঃ


সমিতিটি তাঁর সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে নারীর ক্ষমতায়নে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। যথাযথ সরকারী পৃষ্ঠপোষকতা পেলে সমিতির কর্মকান্ড আরও গতিশীল ও বেগবান হবে এবং সদস্য ছাড়া এলাকার পুরুষের পাশাপাশি নারীদের কর্মসংস্থান সৃষ্টি হবে এবং তাদের জীবনমানেরও উন্নয়ন সাধিত হবে। এর ফলে আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।



মোঃ মজিবর রহমান, উপজেলা সমবায় অফিসার,কোটচাঁদপুর,ঝিনাইদহ কর্তৃক প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ পরিদর্শন এর স্থির চিত্র।



মোঃ শামীমূল ইসলাম,পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়,ঝিনাইদহ কর্তৃক প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর ২০২৩-২০২৪ সনের অডিট কার্যাক্রম এর স্থির চিত্র।






প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ  এর  বার্ষিক সাধারণ সভার স্থির চিত্র।



প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ  এর  সভাপতি কর্তৃক সদস্যদের মধ্যে ঋণ বিতরণ এর স্থির চিত্র।



প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ কর্তৃক সমিতির সদস্য ও এলাকার দুস্থদের মধ্যে ঈদ পণ্য সামগ্রী বিতরণের স্থির চিত্র।

স্বাক্ষরিত/-
(মোঃ মজিবর রহমান)
উপজেলা সমবায় অফিসার
কোটচাঁদপুর,ঝিনাইদহ।